



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়

**বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প**

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০

www.jamuka.gov.bd

বিজ্ঞপ্তি নং - ৪৮.০২.০০০০.০১৪.৩১.০১২.২২.৭২

তারিখ: ২১ চৈত্র ১৪২৯  
০৪ এপ্রিল ২০২৩

**“মুক্তিযুদ্ধকালীন বঙ্গবন্ধুর সহচর ও প্রবাসী সরকারের অবদান বিষয়ক গবেষণা” সম্পাদনের জন্য গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে আগ্রহব্যক্তকরণের অনুরোধ (REOI) সম্বলিত বিজ্ঞপ্তি**

(১)	মন্ত্রণালয় / বিভাগ	:	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
(২)	সংস্থা	:	জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা)
(৩)	আগ্রহব্যক্তকরণ আহবানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	:	প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প, কক্ষ নং- ১৩০৭, জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০, ফোন: ০২২২৬৬৬৪৪৩৮, ইমেইল: nurlaminahid@gmail.com।
(৪)	ক্রয়/সংগ্রহ পদ্ধতি	:	গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি (QCBS)
(৫)	বাজেট এবং অর্থের উৎস	:	উন্নয়ন খাত (সরকারি)
(৬)	কাজের নাম	:	“মুক্তিযুদ্ধকালীন বঙ্গবন্ধুর সহচর ও প্রবাসী সরকারের অবদান বিষয়ক গবেষণা” সম্পাদন।
(৭)	আগ্রহব্যক্তকরণ আবেদন গ্রহণের শেষ তারিখ ও সময়	:	২৬/০৪/২০২৩ দুপুর ০২:০০ টা পর্যন্ত
(৮)	গবেষণা কাজের সংক্ষিপ্ত বিবরণ	:	মুক্তিযুদ্ধকালীন গঠিত বাংলাদেশের প্রথম সরকার প্রবাসী সরকার নামে খ্যাত। ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণার পর ১০ এপ্রিল এ সরকার গঠিত হয় এবং ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলা গ্রামে শপথ গ্রহণ করে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে বৈদ্যনাথতলা গ্রামের নামকরণ হয় মুজিবনগর। মুজিবনগর সরকারের কর্মকাণ্ড বাংলাদেশ ভূখন্ডের বাইরে থেকে পরিচালিত হয়েছিল বলে এ সরকার প্রবাসী মুজিবনগর সরকার হিসেবেও খ্যাত। এই প্রবাসী সরকারই মুক্তিযুদ্ধকালীন সরকারের দায়িত্ব পালন করেন। প্রস্তাবিত গবেষণার মাধ্যমে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় যুদ্ধ পরিচালনাসহ রাষ্ট্র পরিচালনার সার্বিক দায়িত্ব পালনে বঙ্গবন্ধুর সহচর ও প্রবাসী সরকারের অবদান বিশেষত ১৯৭১ সালে প্রবাসী সরকার গঠন, স্বাধীনতার ঘোষণাপত্র প্রণয়ন, এবং মন্ত্রিপরিষদ গঠন ও দায়িত্ব বন্টন; মুক্তিযুদ্ধের সময় মুক্তিবাহিনী সংগঠন, সমন্বয় ও মুক্তিযুদ্ধ পরিচালনার ক্ষেত্রে এ সরকারের ভূমিকা; মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ সরকারের (মুজিবনগর সরকার) পররাষ্ট্রনীতি এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের সমর্থন আদায়ে তাঁদের অবদান; স্বাধীনতা যুদ্ধে প্রত্যক্ষ সহায়তাকারী রাষ্ট্র ভারতের সরকার ও সেনাবাহিনীর সঙ্গে সাংগঠনিক সম্পর্ক রক্ষার ক্ষেত্রে তাদের ভূমিকা; এবং শরণার্থী ব্যবস্থাপনা ও সমস্যা নিরসনে মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ সরকারের ভূমিকা ইত্যাদি বিষয় তুলে ধরা হবে।
(৯)	গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা	:	<b>(ক) প্রয়োজনীয় যোগ্যতা:</b> (১) আগ্রহী গবেষণা/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মূখ্য সদস্যদের মুক্তিযুদ্ধ/শান্তি ও যুদ্ধ/ইতিহাস বিষয়ে সফলভাবে কমপক্ষে তিনটি গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা; (২) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে নূনতম পোস্ট গ্রাজুয়েশান ডিগ্রি এবং সাত বছরের গবেষণা করার অভিজ্ঞতা; (৩) গবেষণাদলের দলনেতা ও উপনেতার বাংলাদেশের প্রেক্ষিতে গবেষণাকার্য পরিচালনা ও বাস্তবায়নের অভিজ্ঞতা; এবং (৪) গবেষণা দলের মূখ্য সদস্যদের বাংলা ও ইংরেজী ভাষায় মানসম্মত গবেষণা প্রতিবেদন লেখার অভিজ্ঞতা। <b>(খ) অতিরিক্ত যোগ্যতা:</b> (৫) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রি; এবং (৬) আগ্রহী গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মূখ্য সদস্যদের উন্নয়ন সহযোগী বা সরকারি অর্থায়নে পরিচালিত গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা।
(১০)	গবেষণা কাজ শুরু ও সমাপ্তির সম্ভাব্য তারিখ	:	শুরু: ০১/০৭/২০২৩ খ্রি., শেষ: ৩১/১২/২০২৩ খ্রি.
(১১)	অন্যান্য বিষয়াদি (প্রয়োজ্য ক্ষেত্রে)	:	আগ্রহব্যক্তকরণ আবেদন একটি বন্ধ খামে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে। খামের উপর স্পষ্টভাবে লিখতে হবে “মুক্তিযুদ্ধকালীন বঙ্গবন্ধুর সহচর ও প্রবাসী সরকারের অবদান বিষয়ক গবেষণা সম্পাদনের জন্য আগ্রহব্যক্তকরণ আবেদন”।

বি.দ্র.: কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আগ্রহব্যক্তকরণ আবেদন বা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ড. মোঃ দুর্গল আমিন

প্রকল্প পরিচালক (উপসচিব)

বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প